# চিংড়ি মাছে জেলি দিয়ে ওজন বৃদ্ধি , কুষ্টিয়ায় চার ব্যবসায়ীকে জরিমানা

কুষ্টিয়া পৌর বাজার ও চৌড়হাস মোড়ে ফয়সাল মার্কেটে চিংড়ি মাছে জেলি পুশ করে ওজন বৃদ্ধি করে বিক্রির অভিযোগে চার মাছ ব্যবসায়ীকে বিশ হাজার টাকার জরিমানা করা হয়েছে।

মঙ্গলবার জেলা ভোক্তা -অধিকার সংরক্ষণ অধিদপ্তর এই অভিযান পরিচালনা করেন।

এ সময় সংস্থাটির কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল , সিনিয়র মৎস্য কর্মকর্তা সুদীপ বিশ্বাসসহ আইন শৃংঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

ভোক্তা -অধিকার সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল জানান , গোপন তথ্যের ভিত্তিতে জানা যায় কুষ্টিয়া পৌর বাজার ও চৌড়হাস মোড়ে ফয়সাল মার্কেটে কিছু ব্যবসায়ী মাছে জেলি পুশ করে অবৈধভাবে মাছের ব্যবসা করছেন। এতে প্রতারিত হচ্ছেন ক্রেতারা। বিষয়টি আমলে নিয়ে মাঠে নামেন ভোক্তা অধিকারের টিম। ঘটনার সত্যতা পেয়ে চিংড়িতে জেলি পুশ করা চিংড়ি বিক্রয়ের অপরাধে জসিমের মাছের দোকান কে ৪ হাজার , শামসুলের মাছের দোকান কে ৩ হাজার , আসলামের মাছের দোকান কে ৩ হাজার এবং আল্লাহর দান মৎস্য ভান্ডার কে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। একই সঙ্গে ওসব দোকানের জেলিযুক্ত মাছ ধ্বংস করা হয়।

জনস্বার্থে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলেও জানান ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর বগুড়ার সহকারী পরিচালক।

সিনিয়র মৎস্য কর্মকর্তা সুদীপ বিশ্বাস জানান , চিংড়ির ওজন বৃদ্ধির জন্য জেলি পুশ করা হলেও এই জেলি খাবারের সাথে মিশে কিডনি নষ্টসহ বিভিন্ন রোগের সৃষ্টি করে।